# স্বপ্নই থাক

-সাধন সরকার

(১৯৭৭)

সময় নেই –
আর নেই বলেই
তোমাকে ভাবতে পারি না
তোমার কথা, ভাবনায়, চেতনায়
কোথাও কণামাত্রযদি থাক্‌ত
কি হতাম ?
এ, এখন অনর্থক।
আমার মোটেই সময় নেই
চারে চারে আট
এই হিসেব নিয়ে আছি।
তুমি হয়তো দেখবে, চেয়ারে দিব্যি বসে আছি
কাজ করার লক্ষণ নেই,
সময়, গরমের, পাখা খোলা –
কিংবা, হয়তো শুয়ে আছি, বালিশ আক্‌ড়ে
নিশ্চিন্ত।
কিন্তু, বিশ্বাস কর তখনও আমি ব্যস্ত
মস্তিষ্কের কোষে কোষে
লাভ, লোকসানের, লাভাস্রোত
চিন্তা, চিন্তা, চিন্তা।
যোগ গুলো যদি গুন করতে পারতাম
তাহলে ? তাহলে ?
এখানে ভাবনা সীমাহীন
অতএব তোমার স্থান নেই।
সময় ?
হ্যা, তবু কিছু সময় অবশ্য হাতে থাকে
তখন কিন্তু তোমাকে মোটেই ভাবি না
দূর্জ্ঞেয় রহস্যলোকে নাকি তোমার স্থিতি
কি দরকার ওসব ঝামেলায় গিয়ে
নারী মাংসের স্বাদভাল, এটাতো জানা
আর ওতো এখন পণ্য
ভাত ছড়ালে কাকের অভাব কি।
অথবা অন্য আমি, এর বিপরীতে
ভাবে আর ভাবে
চার থেকে তিন চলে গেলে
এক,
এরপর একও যদি চলে যায়
শূন্য।
তারপর।
ভয়, তবে কি মৃত্যু এসে গেল।
এখানে ভাবনা সীমাহীন
মাংসের মূল্য কম
ভিক্ষে করা পয়সা যদি জমে
তা দিয়ে স্বাদ গ্রহণে দোষ কি ?
কিন্তু তুমি তো রইলে না।
হায় রে, এখানেই তোমার ঠাঁই নেই
আগে ছিল কিনা। সন্দেহ
আগামীতে থাকবে কিনা, সন্দেহ
প্রেম, সেটা স্বপ্নই থাক।

---**---